

🔳 আল-মুতাফফিফীন | Al-Mutaffifin | المُطَفِّفِين

আয়াতঃ ৮৩:৩৩

া আরবি মূল আয়াত:

وَ مَا أُرسِلُوا عَلَيهِم حُفِظِينَ ﴿ ٣٣٣﴾

🗚 অনুবাদসমূহ:

আর তাদেরকে তো মুমিনদের হিফাযতকারী হিসেবে পাঠানো হয়নি। — আল-বায়ান

তাদেরকে তো মু'মিনদের হিফাযাতকারী হিসেবে পাঠানো হয়নি (মু'মিনদের কৃতকর্মের হিসাব মু'মিনরাই দিবে)।

— তাইসিক্ল

তাদেরকে তো এদের সংরক্ষকরূপে পাঠানো হয়নি! — মজিবর রহমান

But they had not been sent as guardians over them. — Sahih International

৩৩. অথচ তাদেরকে মুমিনদের তত্ত্বাবধায়ক করে পাঠানো হয়নি।(১)

(১) এই ছোট বাক্যটিতে বিদ্রূপকারীদের জন্য বড়ই শিক্ষাপ্রদ হুঁশিয়ারী উচ্চারণ করা হয়েছে অর্থাৎ ধরে নেয়া যাক মুসলিমরা যা কিছুর প্রতি ঈমান এনেছে সবকিছুই ভুল। কিন্তু তাতে তারা তোমাদের তো কোন ক্ষতি করছে না। যে জিনিসকে তারা সত্য মনে করছে সেই অনুযায়ী তারা নিজেরাই আমল করছে। তোমরা তাদের সমালোচনা করছ কেন? আল্লাহ কি তোমাদেরকে এই দায়িত্ব দিয়ে পাঠিয়েছেন? মুমিনদের কর্মকাণ্ড হেফাযত করার দায়িত্ব তো তোমাদেরকে দেয়া হয়নি। তাহলে সেটা করতে যাবে কেন? এটাকেই তোমাদের উদ্দেশ্য বানিয়েছ কেন? [দেখুন: ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

৩৩। অথচ তাদেরকে তো এদের সংরক্ষকরূপে পাঠানো হয়নি! [1]

[1] অর্থাৎ, এই কাফেরদেরকে মুসলিমদের উপর পাহারাদার হিসাবে পাঠানো হয়নি যে, তারা সব সময় মুসলিমদের আমল ও অবস্থা দেখে বেড়াবে এবং তাদের সমালোচনা করতে থাকবে। মোট কথা, তারা যখন এ ব্যাপারে দায়িত্বপ্রাপ্ত নয়, তখন তারা কেন এমন ব্যবহার করে?

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5881

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন